# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন ৮টি দপ্তর/সংস্থা রয়েছে। সংস্থাগুলো হচ্ছে মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, মেরিন ফিশারিজ অ্যাকাডেমি, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক [২.২.২] অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনার জন্য গত ১৬-০১-২০২৪ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে একটি সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় এবং উক্ত সভার আলোচনা ও আওতাধীন দপ্তর / সংস্থা হতে অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালচনাপূর্বক এ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

**দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাঃ**

২) সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি উল্লেখ করেন ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নেই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার গুরুত্ব অপরিসীম। তিনি ইনোভেশন টিমের সদস্যগণকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথভাবে অবলোকন করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতি মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্টকে বিষয়ভিত্তিক উপস্থাপনার জন্য অনুরোধ জানান। সিস্টেম এনালিস্ট ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচকসমূহ উপস্থাপন করেন এবং কর্মসম্পাদন সূচকসমূহ কিভাবে বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান, মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা থেকে ইতিমধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পাওয়া গিয়েছে।

৩) সিস্টেম এনালিস্ট মৎস্য অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। এরপর প্রমানক অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খভাবে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। মৎস্য অধিদপ্তর কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১৪ (চৌদ্দ) নম্বর দাবি করা হয়।

৪) সিস্টেম এনালিস্ট প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনটিও মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদনটি মন্ত্রণালয়ের প্রতিবেদনের আলোকে প্রস্তুত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। প্রমানকসমূহ পর্যালোচনা করে সভাপতি মহোদয় প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের হার বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের ইনোভেশন টিমের প্রতিনিধিদের নির্দেশ প্রদান করেন। প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ২০ (বিশ) নম্বর দাবি করা হয়।

৫) সিস্টেম এনালিস্ট বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রমাণকটি পর্যালোচনা করে। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১৪ (চৌদ্দ) নম্বর দাবি করা হয়।

৬) সিস্টেম এনালিস্ট বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-নথি কার্যক্রম বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা হয়। বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ২০ (বিশ) নম্বর দাবি করা হয়।

৭) সিস্টেম এনালিস্ট বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ

প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর প্রমাণক পর্যালোচনা করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম ৮৫% এ উন্নীত করার নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১৪ (চৌদ্দ) নম্বর দাবি করা হয়।

৮) সিস্টেম এনালিস্ট মেরিন ফিশারিজ অ্যাকাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। মেরিন ফিশারিজ অ্যাকাডেমি কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১২.৫ নম্বর দাবি করা হয়।

৯) সিস্টেম এনালিস্ট বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১১.৫ নম্বর দাবি করা হয়।

১০) সর্বশেষ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। ই-নথি কার্যক্রমবৃদ্ধিসহ বাকি কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে ১০.৭ নম্বর দাবি করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনে প্রাপ্ত স্কোর সন্তোষজনক না হওয়ায় স্কোর বৃদ্ধি এবং কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য সুপারিশ করা হয়।

১১) মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন এবং প্রমাণকসমূহ পর্যালোচনা করে দপ্তর/সংস্থাকে নিম্নোক্তভাবে মূল্যায়ন / অর্জন নিরূপন করা হয়ঃ

| ক্রম. | মন্ত্রণালয় / দপ্তর / সংস্থা | স্বমূল্যায়িত প্রাপ্ত স্কোর |
|---|---|---|
| ১. | মৎস্য অধিদপ্তর | ১৪.০০ |
| ২. | প্রাণিসম্পদ অধিদপ্তর | ১১.০০ |
| ৩. | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১৪.০০ |
| ৪. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট | ২০.০০ |
| ৫. | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট | ১৩.২৫ |
| ৬. | মেরিন ফিশারিজ একাডেমী | ১২.৫০ |
| ৭. | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ১০.০০ |
| ৮. | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ৯.৫৫ |

উল্লেখ্য, বিগত ১৬-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত স্বমূল্যায়িত স্কোরসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে দাখিল করা হয়েছে।

২৮/০১/২০২৪

মোঃ তোফাজ্জেল হোসেন
অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও চীফ ইনোভেশন অফিসার
addlsec_planning@mofl.gov.bd
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়